

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
 প্রবাসী কল্যাণ ভবন
 ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০
 www.probashi.gov.bd

বিষয়ঃ প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের ১৪ ফেব্রুয়ারি ২০১৭ তারিখের সভার কার্যবিবরণী।

০১। সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো।

০২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০১৭ পর্যায়ক্রমে বাস্তবায়নে বছরের শুরুতেই উদ্যোগ গ্রহণের জন্য তিনি সংশ্লিষ্ট সকলকে আহ্বান জানান। গত মাসের ইনোভেশন টিমের সভার দিন এ মন্ত্রণালয়ের মাসিক সমন্বয় সভায়ও বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০১৭ এর বিষয়সমূহ উপস্থাপন করে সভার অনুমোদন গ্রহণ করা হয় মর্মে সভায় আলোচনা করা হয়। অতঃপর সভাপতি ইনোভেশন কমিটির সদস্য-সচিবকে সভার কার্যক্রম শুরু করার জন্য আহ্বান জানান। সংস্থা/দপ্তরসমূহ হতে প্রাপ্ত প্রতিবেদন অনুসারে গত বছরের সার্বিক অগ্রগতি এবং এ বছরের কর্মপরিকল্পনার সার্বিক বিষয়ে বিস্তারিত আলোচনার জন্য সদস্য-সচিব সভায় উত্থাপন করেন। এছাড়া, বিগত সভার সিদ্ধান্ত/সুপারিশসমূহও সভায় উপস্থাপন করা হয় এবং তার বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

০৩। সভার আলোচনায় সকলের অংশগ্রহণে নিম্নোক্ত সিদ্ধান্ত/সুপারিশ গ্রহণ করা হয়।

ক্রমিক	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত/সুপারিশ
৩.১	বাৎসরিক কর্মপরিকল্পনা ২০১৬ এর আলোকে উদ্ভাবনী কার্যক্রমসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা	বাৎসরিক কর্মপরিকল্পনা ২০১৬ এর আলোকে উদ্ভাবনী কার্যক্রমসমূহের বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে সভায় উপস্থিত বিএমইটি, ওয়েজ আর্নার্স ওয়েলফেয়ার বোর্ড, বোয়েসেল এবং প্রবাসী কল্যাণ ব্যাংকের কর্মকর্তাগণ সংশ্লিষ্ট বিষয়ে আলোচনায় অংশগ্রহণ করেন। অগ্রগতি বাস্তবায়ন বিষয়ক আলোচনায় অধিকাংশ কার্যক্রম ফলপ্রসূভাবে বাস্তবায়ন হওয়ায় সভায় সন্তুষ্টি প্রকাশ করা হয়। এ বিষয়ক প্রতিবেদনের কতিপয় বিষয়ে প্রয়োজনীয় সংশোধনপূর্বক তা ১৫ ফেব্রুয়ারি ২০১৭ তারিখের মধ্যে অনুমোদন গ্রহণ, মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ এবং ওয়েবসাইটে প্রকাশের বিষয়ে সভায় অভিমত ব্যক্ত করা হয়।	১। ১৫ ফেব্রুয়ারি ২০১৭ তারিখের মধ্যে বাৎসরিক কর্মপরিকল্পনা ২০১৬ এর বাস্তবায়ন প্রতিবেদন অনুমোদন, মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ এবং মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা করা হবে। ২। বিএমইটি, ওয়েজ আর্নার্স ওয়েলফেয়ার বোর্ড, বোয়েসেল এবং প্রবাসী কল্যাণ ব্যাংকের ওয়েবসাইটেও স্ব স্ব প্রতিবেদন প্রকাশের অনুরোধ করা হয়।
৩.২	পরবর্তী বাৎসরিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০১৭ প্রনয়ন	বাৎসরিক কর্মপরিকল্পনা ২০১৭ প্রনয়নের লক্ষ্যে সভায় বিস্তারিত আলোচনা ও দিক নির্দেশনা প্রদান করা হয়। ইতোমধ্যে বিএমইটি, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, বোয়েসেল ও প্রবাসী কল্যাণ ব্যাংক বাৎসরিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০১৭ প্রনয়নপূর্বক অত্র মন্ত্রণালয়ে দাখিল করেছে।	১। ১৫ ফেব্রুয়ারি ২০১৭ তারিখের মধ্যে বাৎসরিক কর্মপরিকল্পনা ২০১৭ এর অনুমোদন, মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ এবং মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা হবে। ২। বিএমইটি, ওয়েজ আর্নার্স ওয়েলফেয়ার বোর্ড, বোয়েসেল এবং প্রবাসী কল্যাণ ব্যাংকের ওয়েবসাইটেও স্ব স্ব বাৎসরিক কর্মপরিকল্পনা ২০১৭ প্রকাশের অনুরোধ করা হয়।


৩.৩	১৪ নভেম্বর ২০১৬ তারিখের মন্ত্রিপরিষদ বিভাগের পর্যালোচনা সভার আলোচনা ও নির্দেশনা	উদ্ভাবনী কার্যক্রম বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগে অনুষ্ঠিত পর্যালোচনা সভা (১৪ নভেম্বর ২০১৬) এর সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সভাপতি বলেন, মন্ত্রণালয়ের অনলাইনে সিআইপি আবেদন দাখিল সংক্রান্ত সেবাটি চলমান আছে। তবে সেবা সহজীকরণ ও অনলাইনভিত্তিক সেবা প্রদানের কার্যক্রম আরও বৃদ্ধি করতে হবে। সহকারী প্রোগ্রামার বলেন অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ক সেবাটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে চালু করা যেতে পারে। অপরদিকে উপসচিব (কল্যাণ) বলেন, বিএমইটির ওয়েবসাইটে কোনও আর্কাইভ নেই। বিএমইটি থেকে ওয়েবসাইটে আর্কাইভ তৈরী করা হলে তথ্য ভান্ডার সংরক্ষিত ও সমৃদ্ধ রাখা সম্ভব হবে। সভায় এ বিষয়গুলোর প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হয়।	১। মন্ত্রণালয়ের ওয়েবসাইটে অনলাইন GRS এর ব্যবস্থা করা যেতে পারে। ২। বিএমইটির ওয়েবসাইটে আর্কাইভ অপশনটি কার্যকর করার জন্য অনুরোধ করা হয়।
৩.৪	প্রধানমন্ত্রীর কার্যালয় এবং মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনার আলোকে অত্র মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের উদ্ভাবনী ধারণা ও উত্তম চর্চারবিষয়সমূহ যথাযথভাবে প্রতিফলন	এ মন্ত্রণালয়ের আওতাধীন বিএমইটি এবং অন্যান্য সংস্থাসমূহের সদর দপ্তর ও মাঠ পর্যায়ে ইনোভেশন টিমের উদ্ভাবনী কার্যক্রম জোরদার ও তা পরিবীক্ষণের বিষয়েও সভায় তাগিদ দেয়া হয়। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক এটুআই কর্মসূচির সহায়তায় মন্ত্রণালয়ে অনুষ্ঠিত প্রশিক্ষণ কর্মশালার ন্যায় দপ্তর/সংস্থাসমূহেও অনুরূপ প্রশিক্ষণ কর্মশালা আয়োজন করা হয়েছে।	সকল পর্যায়ে সেবা সহজীকরণ, উদ্ভাবনী কার্যক্রম এবং উত্তম চর্চার কার্যক্রমসমূহ জোরদার করা এবং এ সকল কার্যক্রমের হালনাগাদ তালিকা প্রস্তুত করে মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের সভায় উপস্থাপনের জন্য দপ্তর/সংস্থা-সমূহকে অনুরোধ করা হয়।
৩.৫	বিএমইটি ও মন্ত্রণালয়ের ওয়েবসাইটে বৈদেশিক কর্মসংস্থানের সুযোগ সুবিধা ও প্রক্রিয়ার বিষয়ে শ্রম বাজারের চাহিদাসম্পন্ন সকল দেশের তথ্য সম্বলিত country specific গাইডলাইন প্রদান।	কোরিয়া ও জর্ডানের জন্য বোয়েসেল কর্তৃক প্রদত্ত তথ্যাবলীর বিষয়সমূহ অনুসরণ করে বিএমইটি পর্যায়ক্রমে শ্রম বাজারের চাহিদাসম্পন্ন সকল দেশের তথ্য সম্বলিত country specific গাইডলাইন প্রস্তুত করবে। এ সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য সম্বলিত content প্রস্তুত করে মন্ত্রণালয় এবং বিএমইটির ওয়েবসাইটে country specific গাইডলাইন এর পাশাপাশি 'FAQ' সংযোজনের বিষয়ে পুনরায় আলোচনা করা হয়।	১। শ্রমবাজারের চাহিদাসম্পন্ন দেশের তথ্যাদিসম্বলিত country specific গাইডলাইন এবং এর পাশাপাশি 'FAQ' সংযোজনসহ ওয়েবসাইটে আপলোড করার নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা করার জন্য বিএমইটি-কে পুনরায় অনুরোধ করা হয়।
৩.৬	বিদেশগামী কর্মীগণের ফিংগার প্রিন্ট সংগ্রহ, বহির্গমন ছাড়পত্র ও স্মার্ট কার্ড প্রদান কার্যক্রম বিভাগীয় পর্যায়ে বিকেন্দ্রীকরণ	বিএমইটির প্রতিনিধি জানান ১ম পর্যায়ে চট্টগ্রামে বাস্তবায়িত এ কার্যক্রমটির ন্যায় যে সকল অঞ্চল/জেলা হতে অধিক কর্মী বিদেশ গমন করে যেমন, কুমিল্লা, বরিশাল ইত্যাদিসহ ২৫ জেলায় এ কার্যক্রমটি বিকেন্দ্রীকরণ করা হয়েছে। উক্ত ২৫ জেলার প্রিডিপারচার ট্রেনিং ও বিকেন্দ্রীকরণ করা হয়েছে। ফলে প্রশিক্ষণ ও ফিঙ্গার প্রিন্টের জন্য উক্ত ২৫ জেলার বিদেশ গমনেচ্ছু কর্মীদের ঢাকায় আসতে হয় না।	পর্যায়ক্রমে সকল জেলায় এ কার্যক্রমটি বিকেন্দ্রীকরণের উদ্যোগ গ্রহণের জন্যে বিএমইটি এবং ওয়েজ আর্নাস ওয়েলফেয়ার বোর্ড -কে প্রয়াস অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।

৩.৭	মৃত প্রবাসী কর্মীর পরিবারের অনুকূলে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড কর্তৃক সাহায্য প্রদানে অনুসৃত কার্যক্রম	মৃত প্রবাসী বাংলাদেশী কর্মীর ডাটাসমূহ স্বয়ংক্রিয় ভাবে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের Digital file opening software- এ ইনপুট এর পর পরিবারের সদস্যদের ৩ (তিন) লক্ষ টাকা আর্থিক অনুদান প্রদানের কার্যক্রম গ্রহণ করা হয়। এ কার্যক্রম ও প্রক্রিয়া আরো দ্রুততার সাথে সম্পন্ন করার লক্ষ্যে ৬০ দিনের একটি টাইম ফ্রেম করা হয়েছে। চাহিদাপত্র জারির পর মৃতের পরিবারের অনুকূলে সংশ্লিষ্ট কাগজপত্র পাওয়া গেলে এ টাইমফ্রেম বাস্তবায়ন করা সম্ভব এবং কোন কোন ক্ষেত্রে টাইমফ্রেমের পূর্বেই এ প্রক্রিয়া সম্পন্ন করা সম্ভব হবে। টাইম ফ্রেমের মধ্যে এ সেবা নিশ্চিত করার বিষয়ে ওয়েজ আর্নার্স ওয়েলফেয়ার বোর্ড এবং বিএমইটি-কে DEMO সমূহের সাথে অধিকতর সমন্বয় ও মনিটরিং এর মাধ্যমে নিশ্চিত করা এবং প্রয়োজনে এসএমএস ও টেলিফোনের মাধ্যমে সংশ্লিষ্টদের সাথে যোগাযোগ করে প্রক্রিয়াটি ত্বরান্বিত করার বিষয়ে সভায় অভিমত ব্যক্ত করা হয়।	১। মৃত প্রবাসী কর্মীর পরিবারের অনুকূলে আর্থিক অনুদান প্রদানে অনুসৃত প্রক্রিয়াসমূহ ত্বরান্বিত করা এবং টাইম ফ্রেমের মধ্যে সকল প্রক্রিয়া সম্পন্ন করার নিমিত্ত ওয়েজ আর্নার্স ওয়েলফেয়ার বোর্ড এবং বিএমইটি-কে কর্ম প্রয়াস অব্যাহত রাখার অনুরোধ করা হয়। ২। এ প্রক্রিয়ায় প্রাপ্ত ফলাফল ও অগ্রগতি বিষয়ে সভাকে নিয়মিত অবহিত করার জন্য সভায় উপস্থিত ওয়েজ আর্নার্স ওয়েলফেয়ার বোর্ডের কর্মকর্তাকে অনুরোধ করা হয়।
৩.৮	বোয়েসেল এর মাধ্যমে বিদেশগামী কর্মীদের সকল তথ্য এসএমএস এর মাধ্যমে অবহিতকরণের জন্য এসএমএস গেটওয়ে স্থাপন এর পাশাপাশি একটি মোবাইল এ্যাপস এর মাধ্যমে বাংলায় তথ্যাদি প্রেরণের ব্যবস্থাকরণ	বাংলাদেশ ওভারসীজ এমপ্লয়মেন্ট এন্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল) এর মাধ্যমে বিদেশগামী কর্মীদের সকল তথ্য এসএমএস -এ অবহিতকরণের জন্য এসএমএস-সমূহ বাংলায় প্রেরণ করা হচ্ছে। ফলে কর্মীগণ বাংলায় সহজেই তথ্যাদি জানতে পারছেন। এসএমএস গেটওয়ে স্থাপন এর পাশাপাশি একটি মোবাইল এ্যাপস এর মাধ্যমে বাংলায় তথ্যাদি প্রেরণের ব্যবস্থা করা হচ্ছে। সভাপতি বলেন, সকল স্টেকহোল্ডারের সাথে কথা বলে এ্যাপসটি তৈরি করতে হবে।	গ্রাহক সেবা বা প্রতিষ্ঠানের আরো উদ্ভাবনী সেবা কার্যক্রম পরিচালনার উদ্যোগ গ্রহণের জন্য বোয়েসেল-কে অনুরোধ করা হয়।
৩.৯	প্রবাসী কল্যাণ ব্যাংকের প্রক্রিয়াধীন ইনোভেশন কার্যক্রম	ব্যাংকের ইনোভেশন টীমের তত্ত্বাবধানে অনলাইনে অভিবাসন ঋণ আবেদন গ্রহণ ও ঋণ বিতরণের জন্য “পিকেবি অভিবাসন ঋণ অটোমেশন” কার্যক্রমের আওতায় একটি ডেমো তৈরি করা হয়েছে। এ সংশ্লিষ্ট কমিটি কর্তৃক পর্যালোচনার পর পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে বলে সভায় উপস্থিত পিকেবির কর্মকর্তা সভাকে অবহিত করেন। ব্যাংকের শাখাসমূহ হতে যেন অনলাইনে তথ্যসমূহ ব্যাংকের সদরদপ্তরে আসে সেলক্ষ্যে প্রোগ্রামিং-এর কার্যক্রম চলমান রয়েছে। ইতোমধ্যে ইলেক্ট্রনিক নথি ব্যবস্থাপনার মাধ্যমে শাখা হতে ব্যাংকের সদর দপ্তরে নথি অনলাইনে আসছে। পিকেবি প্রতিনিধি বলেন, অনলাইনে ব্যাংক স্টেটমেন্ট সরবরাহমূলক সেবাটি ২০১৭ সালের কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত করা হয়েছে। এ কার্যক্রমটি বাস্তবায়ন হলে সেবা গ্রহীতাকে ব্যাংক স্টেটমেন্টের জন্য ব্যাংকে আসতে হবে না।	“পিকেবি অভিবাসন ঋণ অটোমেশন” কার্যক্রমটির বাস্তবায়ন ত্বরান্বিত করার লক্ষ্যে কর্মপ্রয়াস অব্যাহত রাখার জন্য পিকেবি-কে অনুরোধ করা হয়।
৩.১০	কল সেন্টারের মাধ্যমে গ্রাহকদের তথ্য সেবা প্রদান	প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান বিষয়ক তথ্য সেবা প্রদান সহজীকরণের লক্ষ্যে কল সেন্টার স্থাপনের প্রক্রিয়া সম্পন্ন করা হয়েছে এবং ১ সেপ্টেম্বর ২০১৬ তারিখে কল	২। কল সেন্টারে প্রাপ্ত অভিযোগ/ সমস্যাসহ অন্যান্য বিষয়গুলোর ওপর জরুরিভাবে কার্যকর ব্যবস্থা গ্রহণে সুষ্ঠু

		সেন্টারটি উদ্বোধন করা হয়। কল্যাণ বোর্ড প্রতিনিধি বলেন এ পাইলট প্রজেক্টটি জানুয়ারি ২০১৭ এ শেষ হবে। যেসব দেশে কর্মী বেশী সেসব দেশে কলসেন্টার চালু করা হবে। ইউনিয়ন ডিজিটাল সেন্টারের আদলে Expatriates' Digital Center (EDC) করার পরিকল্পনা রয়েছে বলেও সভায় আলোচনা করা হয়।	পরিকল্পনা প্রণয়নের জন্য বিএমইটি এবং ওয়েজ আর্নার্স ওয়েলফেয়ার বোর্ড -কে অনুরোধ করা হয়।
৩.১১	অনলাইনে CIP Application আহ্বান ও প্রক্রিয়াকরণ	অনলাইন CIP Application আহ্বান ও প্রক্রিয়াকরণে সফটওয়্যার procure করার কাজ চলমান রয়েছে বলে সভাকে অবহিত করা হয়। এ কার্যক্রমটি ত্বরান্বিত করা প্রয়োজন বলে সভায় পুনরায় অভিমত ব্যক্ত করা হয়। তবে বর্তমানে আবেদনকারী গ্রাহকগণ অনলাইনে তাদের আবেদন দাখিল করতে পারছেন।	১। অনলাইনে CIP Application আহ্বান ও তা প্রক্রিয়াকরণের কার্যক্রমটি চলমান রয়েছে। সম্পূর্ণ কম্পিউটারাইজড করার লক্ষ্যে সফটওয়্যার সংযোজন এবং অবশিষ্ট অন্যান্য কাজ দ্রুত সম্পন্ন করার অনুরোধ করা হয়।
৩.১২	ই-লার্নিং প্ল্যাটফর্ম ফর মাইগ্রেন্ট ওয়ার্কার	অভিবাসনে গমনেচ্ছু মহিলা গৃহকর্মীদের মোবাইলে content/apps ব্যবহারের মাধ্যমে সচেতনতা বৃদ্ধিসহ ব্রিফিং ও প্রশিক্ষণ প্রদানে এটুআই কর্মসূচির সহায়তায় বিকেটিটিসি'র মাধ্যমে ই-লার্নিং প্ল্যাটফর্ম প্রস্তুত করা হয়েছে। ই-লার্নিং প্ল্যাটফর্ম ফলপ্রসূভাবে ব্যবহার করা হলে সেবা গ্রহিতার সময়, খরচ ও ভিজিট হ্রাস পাবে। অধিকতর dissemination ও তার ব্যবহার বৃদ্ধির জন্য অন্যান্য জেলার টিটিসিসমূহেও এ সংক্রান্ত ওরিয়েন্টেশন প্রদান করা হয়েছে এবং ই-লার্নিং প্ল্যাটফর্মে অন্যান্য ট্রেড অন্তর্ভুক্ত করার উদ্যোগ গ্রহণ বিষয়েও সভায় পুনরায় আলোচনা করা হয়।	১। ই-লার্নিং প্ল্যাটফর্ম সুবিধা গ্রহণ এবং কার্যকর ব্যবহার নিশ্চিত করার জন্য মহিলা গৃহকর্মীদের প্রশিক্ষণের সময় যথাযথ ওরিয়েন্টেশনের ব্যবস্থা গ্রহণের জন্য বিএমইটি-কে অনুরোধ করা হয়। ২। অধিকতর dissemination ও তার ব্যবহার বৃদ্ধির জন্য দেশের অন্যান্য টিটিসিসমূহেও এ সংক্রান্ত ওরিয়েন্টেশন প্রদানের ব্যবস্থা করার জন্য বিএমইটি-কে অনুরোধ করা হয়। ৩। ই-লার্নিং প্ল্যাটফর্মে আরও ট্রেড অন্তর্ভুক্ত করার বিষয়ে বিকেটিটিসি, ঢাকা ও বিএমইটি-কে পর্যালোচনা করার জন্য পুনরায় অনুরোধ করা হয়।
৩.১৩	যশোহর টিটিসি কর্তৃক গৃহীত অনলাইন ভর্তি কার্যক্রম	যশোহর টিটিসি কর্তৃক অনলাইন ভর্তি কার্যক্রম বিষয়ে সভায় আলোচনা হয়। উদ্যোগটি প্রশংসনীয়। বিষয়টি অধিকতর পর্যালোচনার নিমিত্ত যশোহর টিটিসি'র সাথে ভিডিও কনফারেন্স করা যায় মর্মে সভায় অভিমত ব্যক্ত করা হয়।	যশোহর টিটিসি কর্তৃক গৃহীত অনলাইন ভর্তি কার্যক্রম বিষয়ে যশোহর টিটিসি'র সাথে ভিডিও কনফারেন্সের মাধ্যমে উদ্ভাবনী এ উদ্যোগটি পর্যালোচনা করা হবে।
৩.১৪	মন্ত্রণালয়ের গুরুত্বপূর্ণ নোটিফিকেশনসমূহের পত্র জারি এবং ওয়েবসাইটে আপলোডের পাশাপাশি ই-মেইল এবং এসএমএস নোটিফিকেশনের ব্যবস্থা করা	মন্ত্রণালয়ের গুরুত্বপূর্ণ নোটিফিকেশনসমূহের পত্র জারি এবং ওয়েবসাইটে আপলোডের পাশাপাশি ই-মেইল এবং এসএমএস নোটিফিকেশনের ব্যবস্থা করার বিষয়ে আলোচনা করা হয়। এ ব্যবস্থা চালু করা হলে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীগণ তাত্ক্ষণিক গুরুত্বপূর্ণ বিষয়ে অবগত হতে পারবেন এবং যথাসময়ে পূর্ব প্রস্তুতি গ্রহণ করতে পারবেন বলে সভায় অভিমত ব্যক্ত করা হয়।	ইনোভেশন টিমের পরবর্তী সভার পূর্বে নোটিশের পাশাপাশি SMS এর মাধ্যমেও সদস্যদের সভা সম্পর্কে অবহিত হতে হবে।

৩.১৫	বাৎসরিক কর্মপরিকল্পনা ২০১৭ বাস্তবায়নে বৎসরের শুরুতেই উদ্যোগ গ্রহণ ও পর্যালোচনা	বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০১৭ পর্যায়ক্রমে বাস্তবায়নে বছরের শুরুতেই উদ্যোগ গ্রহণের জন্য চিফ ইনোভেশন অফিসার ও সভার সভাপতি সংশ্লিষ্ট সকলকে আহ্বান জানান	বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০১৭ পর্যায়ক্রমে বাস্তবায়নে বছরের শুরুতেই উদ্যোগ গ্রহণের জন্য বিএমইটি, ওয়েজ আর্নিস ওয়েলফেয়ার বোর্ড, বোয়েসেল এবং প্রবাসী কল্যাণ ব্যাংক এবং মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অনুরোধ করা হয়।
------	---	--	--

আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত কর্মকর্তাগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


27/1/2019

(জাবেদ আহমেদ)

সভার সভাপতি ও চিফ ইনোভেশন অফিসার
অতিরিক্ত সচিব (প্রশাসন)
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়